

# হলে চুকে হামলার ঘটনায় ৪ ছাত্রলীগ নেতা আটক

বরিশাল অফিস

প্রকাশ : ২৫ জানুয়ারি ২০২৩, ১৪:১৫



বরিশাল বিশ্ববিদ্যালয়। সংগৃহীত ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ছাত্র ও ছাত্রলীগ নেতা দাবিদার মহিউদ্দিন আহামেদ সিফাতকে হলে চুকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ৪ ছাত্রলীগ নেতাকে আটক করেছে পুলিশ।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (২৫ জানুয়ারি) বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-কমিশনার (দক্ষিণ) আলী আশরাফ ভূঞ্চা। বরিশাল মেট্রোপলিটন পুলিশের বন্দর থানা পুলিশ ওই ৪ জনকে আটক করে।

আলী আশরাফ ভূঞ্চা জানান, গোপন সংবাদের ভিত্তিতে রাতভর অভিযান চালিয়ে আলীম সালেহী, রিয়াজ মোল্লা, শামীম ও শেখ রেফত মাহামুদকে আটক করে বন্দর থানা পুলিশ। অন্য আসামিদের আইনের আওতায় আনার চেষ্টা চলছে। হামলার শিকার ব্যক্তিদের পক্ষ থেকে মামলা করা হয়নি।

তিনি আরো জানান, কী কারণে এ ঘটনা ঘটেছে, সে বিষয় আমরা জ্ঞাসাবাদ করছি। আশা করছি মূল ঘটনা দ্রুতই বেরিয়ে আসবে।

প্রসঙ্গত, গত ২৪ জানুয়ারি ভোর সাড়ে ৫টার দিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেরে ই বাংলা হলের ৪০১৮ নম্বর রুমে তুকে হেলেমেট পরা একদল যুবক মহিউদ্দিন আহামেদ সিফাতের ওপর হামলা করে। এ সময় তাকে বাঁচাতে গিয়ে জি এম ফাহাদ ও এ কে জিহাদ নামের দুই শিক্ষার্থী আহত হয়। তারা সবাই শের ই বাংলা হলের আবাসিক শিক্ষার্থী। হামলাকারী হিসেবে যাদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে তারাও বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও সংগঠক।

ইত্তেফাক/এসকে